# Times Today BD

এম এস রহমান | রাজনীতি | 03 May, 2025

পাবনা জেলা বিএনপির আহবায়ক হাবিবুর রহমান হাবিব বলেছেন, যারা তারেক রহমানের কথা শুনবে না, তারা বিএনপি করতে পারবে না। বিএনপিকে শেষ করতে চেয়েছিল আওয়ামী লীগ।আজ দেশ থেকেই আওয়ামী লীগ বিতাড়িত হয়ে গেছে।এখন আবার নতুন করে বিএনপি কে মাইনাস করার ষড়যন্ত্র চলছে।তাদের বলতে চাই, যারা বিএনপি কে মাইনাস করতে যাবেন তারা দেশের রাজনীতি থেকেই হারিয়ে যাবেন।

শুক্রবার (০২ মে) রাতে জাতীয়তাবাদী শ্রমিকদলের ৪৬ তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে পাবনার চাটমোহর উপজেলা শ্রমিকদল আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

হাবিব বলেন, বিগত ১৭ বছর আমাদের বিএনপির হাজার হাজার লাখ লাখ নেতাকর্মী নির্যাতিত হয়েছে।রাতের পর  রাত ঘুমাতে পারেনি। বাড়ি থেকে পালিয়ে বেড়াতে হয়েছে।দেশনেত্রী খালেদা জিয়াকে ঠিকমতো চিকিৎসা করাতে দেয়নি।আজকে বিএনপি ব্র্যান্ড।শ্রমিক মানেই গর্ব করার পেশা।শ্রমিকদের সম্মান করতে হবে।শ্রমিকদল এমন একটি সংগঠন তারা সব জায়গায় যাবার যোগ্যতা রাখে।বিএনপি নিজেদের সুবিধা খোঁজে না।বিএনপি সাধারণ মানুষের সুবিধা খোঁজে।বিএনপি নেতারা মানুষের পাশে থাকেন।

শ্রমিকদলের প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে চাটমোহর রেলবাজার অমৃতকুন্ডা হাট প্রাঙ্গনে কেক কাটা, আলোচনা সভা ও  মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান কনসার্ট অনুষ্ঠিত হয়।প্রতিষ্ঠাবার্ষিকীর কেক কেটে অনুষ্ঠান উদ্বোধন করেন জেলা শ্রমিকদলের সাধারণ সম্পাদক আব্দুল গফুর।

চাটমোহর উপজেলা শ্রমিকদলের সভাপতি মোস্তাজ আহম্মেদের সভাপতিত্বে আলোচনা সভায় বিশেষ অতিথির বক্তব্য দেন, চাটমোহর উপজেলা বিএনপির সাবেক সদস্য সচিব হাসাদুল ইসলাম হীরা, চাটমোহর পৌর বিএনপির সভাপতি আসাদুজ্জামান আরশেদ, পৌর বিএনপির সাবেক আহ্বায়ক এ এম জাকারিয়া, ফরিদপুর উপজেলা বিএনপির সদস্য সচিব আব্দুল হাকিম, আটঘরিয়া উপজেলা বিএনপির সদস্য সচিব মনোয়ারুল আলম, চাটমোহর উপজেলা বিএনপির সাবেক যুগ্ম আহ্বায়ক অধ্যক্ষ মাহমুদুল আলম মাহমুদ, মুলগ্রাম ইউনিয়ন বিএনপির সাবেক সভাপতি লিখন বিশ্বাস প্রমুখ।

অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্যে চাটমোহর উপজেলা বিএনপির সাবেক সদস্য সচিব হাসানুল ইসলাম হীরা বলেন, আমাদের নেতা তারেক রহমান যে ৩১ দফা দিয়েছেন।তার মধ্যে একটি আছে শ্রমিকদের অধিকারের জন্য।তা হলো কোন শ্রমিক যদি দুর্ঘটনায় আহত হলে তার সকল চিকিৎসা ব্যয় পরিবহন মালিকদের বহন করতে হবে।কোনো বাস শ্রমিক চট্টগ্রাম থেকে চাটমোহরে আসতে একদিন লাগে।একজন শ্রমিক টানা ২৪ ঘন্টা ডিউটি করতে পারে না।অথচ মজুরি পান একই।অতিরিক্ত ডিউটি পালন করলেও অতিরিক্ত মজুরি বাস শ্রমিকর্ পান না। এ বিষয়টি কঠোরভাবে দেখতে হবে।

পরে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান গান পরিবেশন করেন আরটিভি বাংলার গায়েন চ্যাম্পিয়ন রাসেল মৃধা, এটিএন বাংলার শিল্পী শান্তি

আক্তার, এশিয়ান টিভির শিল্পী মীম, লালন শিল্পী মায়া রানী সহ অনেকে।

বিএনপি

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 12:23

URL: https://www.timestodaybd.com/politics/1804775807